বস্তুসমূহ আছে।

বার্কলের এই মতের বিরুদ্ধে প্রধান কয়েকটি যেসব অভিযোগ করা যায় সেগুলি সংক্ষেপে বর্ণনা করা যায় — যথা

প্রথমত: — বস্তুবাদী পেরীর মতে, বার্কলের মতবাদ অহংবিজ্ঞানের দোষে দুষ্ট। বার্কলের মতে বিষয়ের অস্তিত্ব মনের উপর নির্ভরশীল। মনকে বাদ দিলে কোনো বিষয় থাকতে পারে না, বার্কলে এইভাবে 'মনের বিষয়' এবং 'বিষয়ে'র মধ্যে পার্থক্য নির্দেশ করতে পারেন নি, প্রকৃত চিত্র হল, 'মনকে বাদ দিলে কিছু চিন্তা করা যায় না', তবে এর অর্থ এমন নয় যে, মনের বিষয় না হয়ে মন-নিরপেক্ষভাবে 'কিছু' থাকতে পারে। মনের সঙ্গে সম্বন্ধ মুক্ত না হয়ে 'মনের বিষয়' না হয়েও বিষয় থাকতে পারে। মহাকালের প্রথমে অনেক অনুশ্রব-জগৎ আছে যা পরে একদিন আবিষ্কৃত হবে। এজন্যই দার্শনিক মুর (Moore) বার্কলের 'অস্তিত্ব প্রত্যক্ষ নির্ভর' সূত্রটিকে ঘুরিয়ে বলেছেন 'প্রত্যক্ষ অস্তিত্ব নির্ভর', অর্থাৎ 'মনের বিষয়' হবার আগে 'বিষয়ের' অস্তিত্ব আছে বলেই তা আমাদের মনে ধারণার সৃষ্টি করে। বস্তুর অস্তিত্ব প্রত্যক্ষের উপর নির্ভর করে না, বরং প্রত্যক্ষই বস্তুর বস্তুর অস্তিত্বের উপর নির্ভর করে।

দ্বিতীয়ত: — ইন্দ্রিয় উপাত্ত (যেমন — রং, গন্ধ, চৈতন্য ইত্যাদি) এবং তাদের ধারণাকে অভিন্ন মনে করে বার্কলে বস্তু বিপ্রতিপত্তির সৃষ্টি করেছেন। বার্কলের যুক্তি হল — যেহেতু ইন্দ্রিয়-উপাত্ত এবং তাদের সংবেদনকে পৃথক করা যায় না সেহেতু তারা অভিন্ন। যেহেতু মসৃণ রংকে (ইন্দ্রিয় উপাত্ত) মসৃণ রং এর সংবেদন থেকে বিচ্ছিন্ন করা যায় না, সেইহেতু মসৃণ রং কেবল চেতনা ছাড়া কিছুই নয়। কিন্তু অবিচ্ছিন্নতা অভিন্নতা প্রকাশ করে না, ইন্দ্রিয়-উপাত্ত ও সংবেদন অবিচ্ছিন্ন হলেও তাদের মধ্যে মূলগত পার্থক্য আছে। ইন্দ্রিয় উপাত্ত হল অনুভবের বিষয় এবং সংবেদন হল অনুভব বা মানসবৃত্তি। একটি হল চেতনার বিষয়, অন্যটি চেতনা। চেতনা এবং চেতনার বিষয়কে এক বলা যায় না।

তৃতীয়ত: — বার্কলে ভৌতিক বস্তুসমূহের অস্তিত্বকে ব্যাখ্যা করার জন্য ঈশ্বরের উল্লেখ করে বলেছেন, বৃক্ষ, পর্বত ইত্যাদি বস্তুসমূহ — ধারণা হলেও সেসব কোনো ব্যক্তি মনের ধারণা নয়, সেসব হল ঈশ্বরের মনের ধারণা। কিন্তু এভাবে ঈশ্বরের উল্লেখ করে জগতের নিরবচ্ছিন্ন অস্তিত্বকে ব্যাখ্যা করা যায় না, কারণ 'অস্তিত্ব প্রত্যক্ষ-নির্ভর', বার্কলের এই সূত্র অনুসরণ করলে ঈশ্বরকে 'অস্তিত্ব' বলতে হয়, ঈশ্বরকে প্রত্যক্ষ করা যায় না। বার্কলের কাছে দুটি মাত্র বিকল্প পথ থাকতে পারে: (১) ঈশ্বর কতকগুলি ধারণাপুঞ্জ (২) ঈশ্বর ইন্দ্রিয়-অভিজ্ঞতার-পরিবার অতিরিক্ত একটি কিছু। প্রথম বিকল্পটি গ্রহণ করলে ঈশ্বরের বস্তুর অস্তিত্ব প্রতিপাদিত হয় না, দ্বিতীয় বিকল্পটি গ্রহণ করলে 'অস্তিত্ব প্রত্যক্ষ নির্ভর' তত্ত্বটি অস্বীকার করতে হয় এবং সেক্ষেত্রে বস্তুকে অনুসরণ করে দুরাত্মার অস্তিত্ব স্বীকার করতে কোনো বাধা থাকে না।

Scanned with CamScanner